2024 SRCMUJ 2nd Semester Examination M.A. Bengali BNG-203 বাংলা উপন্যামের ইতিহাস ও পাঠ

Full Marks: 40 Time: 2 Hours

The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.

Write Questions as per question pattern and word limit where necessary:

১। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও।

₹x€

- ক) বাংলা উপন্যাসের ধারায় স্বর্ণকুমারী দেবীর অবদান সংক্ষেপে লেখো।
- খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের উপসংহার অংশের পাঠান্তর বিষয়ে আলোচনা করো।
- গ) 'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসে বর্ণিত মানুষগুলিকে সংস্কার কীভাবে পরিচালিত করেছে তা লেখো।
- ঘ) "হ্যাঁ, যাবো কাশীতে বাবার কাছে। সারা জীবন ধরে অনেক প্রশ্ন জমিয়ে রেখেছি, আগে তার উত্তর চাইতে যাব।" –সত্যবতীর জীবনের জমে থাকা প্রশ্নগুলির যে কোন দুটি প্রশ্নের বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

২। যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও।

ocxo

- ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় প্রকৃতিকে তাঁর সাহিত্যে কীভাবে প্রয়োগ করেছেন তা তাঁর উপন্যাসগুলির আশ্রয়ে আলোচনা করো।
- খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের সামাজিক ও পারিবারিক উপন্যাসগুলি সম্পর্কে আলোচনা করো।
- গ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের নায়িকার চরিত্র বিশ্লেষণ করো।
- ঘ) "আমার কাজ হলো চেনা ঢোঁড়াইকে এমনভাবে বদলানো যাতে সে সারা দেশের সাধারণ লোকের প্রতিনিধিত্ব করতে পারে।" – সতীনাথ ভাদুড়ী তাঁর 'ঢোঁড়াই' প্রবন্ধের এই উক্তিতে ঢোঁড়াই চরিত্র নির্মাণের যে ইঙ্গিত দিয়েছেন তা 'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসে কতখানি সার্থক রূপ পেয়েছে আলোচনা করো।
- ঙ) আশাপূর্ণা দেবী তাঁর 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে যে অন্তঃপুরের অন্তরালের ভাঙা গড়ার ইতিহাস আমাদের সামনে তুলে আনতে চেয়েছেন সেটি কোন সময়ের ইতিহাস? উপন্যাসের অনুসরণে সেই ইতিহাস পরিক্ষুট করো।